

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭০৩.২০১১- ২৬২০

তারিখ ১০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৭১১৬/২০১১ মামলার রায় হতে উদ্ধৃত কনটেন্ট পিটিশন নং-৪১৯/২০১৭ মোকদ্দমার ১৭.১০.২০১৭ তারিখের আদেশ।

সূত্রঃ তারিখঃ ১২-১২-২০১৭ খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেন্ট পিটিশন নং-৪১৯/২০১৭ সংক্রান্ত আদেশের কপি।

এলজিইডির আওতায় উন্নয়ন প্রকল্পের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ৪(চার) জন কর্মচারী বাদী হয়ে হাইকোর্ট বিভাগে ৭১১৬/২০১১ নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে বিগত ০১-০৮-২০১২ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীলেট ডিভিশনে সিভিল পিটিশন ফর লীড-টু-আপীল নং-২০৭/২০১৫ দাখিল করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ গত ১৬-১১-২০১৫ খ্রিঃ তারিখে ৮৯৫ দিনের তামাদি জনিত কারণে উক্ত আপীল খারিজ করে দেন। রীট পিটিশনের রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেন্ট পিটিশন নং ৪১৯/২০১৭ দায়ের করা হয়। উক্ত কনটেন্ট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ, প্রধান প্রকৌশলী, এলজিইডি ২নং প্রতিপক্ষভুক্ত করা হয়েছে। উক্ত কনটেন্ট পিটিশনে হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ০১-০৮-২০১২ খ্রিঃ তারিখের রায় বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর আদেশ দেয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, কনটেন্ট পিটিশন নং-৪১৯/২০১৭ মামলায় ১নং বিবাদী স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের পক্ষে বিজ্ঞ আদালতে জবাব প্রদানসহ বর্ণিত মামলাটি প্রতিদ্বন্দিতার জন্য স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। উপসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৯। অফিস কপি/মাষ্টার কপি।